# মন্ত্রিপরিষদ বিভাগের মার্চ ২০২৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: মার্চ ২০২৬ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ৯ এপ্রিল ২০২৬

## (১) প্রশাসনিক:

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৪৭৪ | ২৮১ | ১৯৩ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ২,০৯৮ | ১,১৭৩ | ৯২৫ |
| **মোট** | ২,৫৭২ | ১,৪৫৪ | ১,১১৮ |

ক.২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৩ | - | ৪৪ | ৩২ | ৬৩ | ৫১ | ১৯৩ |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | ৩০৩ | ২১৪ | ২৮৩ | ১২৫ | ৯২৫ |
| **মোট** | ৩ | - | ৩৪৭ | ২৪৬ | ৩৪৬ | ১৭৬ | ১,১১৮ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | - | - | - | - | - |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | - | - | - | - | - |

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দিন)

| **মন্ত্রিপরিষদ বিভাগ** | মন্ত্রিপরিষদ সচিব | | মন্তব্য |
|---|---|---|---|
| | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - |
| | সচিব, সমন্বয় ও সংস্কার | | |
| | - | - | - |
| | অতিরিক্ত সচিব | | - |
| | - | - | |
| **দুর্নীতি দমন কমিশন** | সচিব | | মন্তব্য |
| | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | |

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

**(২) আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

**(৩) অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

| প্রকল্পের নাম | বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|
| 1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised) | ১৭০ | ৪৫.০৬ (২৬.৫১ শতাংশ) | - |
| 2. Social Security Policy Support Programme (2nd revised) | ১,৫৬৮ | ১,২৮৬.৮৩ (৮২.০৭ শতাংশ) | - |
| 3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V) | ১২৪ | ২০.৫১ (১৬.৫৪ শতাংশ) | - |
| 4.Strengthening SBCC Delivery System in Social Protection | ৯০.২৬ | ৭.৯৭ (৮.৮৩ শতাংশ) | |
| **মোট** | ১,৯৫২.২৬ | ১,৩৬০.৩৭ (৬৯.৬৮ শতাংশ) | - |

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| - | - | - | - |

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

**(৫) উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

**(৬) প্রধান প্রধান সেক্টর/কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭) অডিট আপত্তি:**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থা | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১৫টি | ০.০৯৯ | - | - | ১৫টি | মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের ১টি অডিট আপত্তি এবং বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তিসহ সর্বমোট ১৫টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। |
| দুর্নীতি দমন কমিশন | ২৫টি | ২০৬.৫৫ | ৩টি | ৪টি | ২১টি | - |
| মোট | ৪০টি | ২০৬.৬৫ | ৩টি | ৪টি | ৩৬টি | - |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

**(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):**

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে) | প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকরিচ্যুতি/ বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | ৩ | - | - | - | - | ৩ | ১ |
| দুর্নীতি দমন কমিশন | ২১ | - | - | ১ | ৬ | ১৪ | ১০ |
| মোট | ২৪ | - | - | ১ | ৬ | ১৭ | ১১ |

**(৯) মানবসম্পদ উন্নয়ন:**

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

| মন্ত্রণালয়/সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | - | - | - | - |
| দুর্নীতি দমন কমিশন | ১. | দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ | ২-৪ মার্চ, ৯-১১ মার্চ এবং ৩১ মার্চ-২ এপ্রিল ২০২৬ | ৬০ জন |
| | ২. | প্রজেক্ট ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ | ১-৫ এবং ৮-১২ মার্চ ২০২৬ | ৪০ জন |
| | ৩. | সহকারী পরিচালক, উপসহকারী পরিচারক এবং কোর্ট পরিদর্শক পর্যায়ের কর্মচারীদের ফাউন্ডেশন প্রশিক্ষণ মডিউলের বিষয়বস্তু নির্ধারণ বিষয়ক কর্মশালা | ৩ মার্চ ২০২৬ | ২০ জন |

ক.১ সরকারি কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত গ্রেড-৯ ও তদূর্ধ্ব কর্মকর্তাগণের অভ্যন্তরীণ প্রশিক্ষণ চলমান রয়েছে।

ক.২ প্রতিবেদনাধীন মাসে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী আমন্ত্রিত অতিথি বক্তা/প্রশিক্ষক:

| ক্রম | অতিথি বক্তা/ প্রশিক্ষক | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণে অংশগ্রহণকারী | তারিখ |
|---|---|---|---|---|
| - | - | - | - | - |

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণ:

| মন্ত্রণালয়/ সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সি | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১. | Policy Analysis শীর্ষক প্রশিক্ষণ | ২০ ডিসেম্বর ২০২৫ হতে ৩ মার্চ ২০২৬ | বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স অ্যান্ড ম্যানেজমেন্ট | ১ জন |
| | ২. | Development Planning and Project Management (59th Batch) শীর্ষক অনলাইন | ২২ ফেব্রুয়ারি হতে ১২ মার্চ ২০২৬ | জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি | ১ জন |
| | ৩. | Introduction to Budget Management (IBM) (50th Batch) শীর্ষক প্রশিক্ষণ | ২৩ ফেব্রুয়ারি হতে ১ মার্চ ২০২৬ | ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ | ১ জন |
| | ৪. | Introduction to Budget Management (IBM) (51th Batch) শীর্ষক প্রশিক্ষণ | ২-৮ মার্চ ২০২৬ | ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ | ১ জন |
| দুর্নীতি দমন কমিশন | - | - | - | - | - |

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না, না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নেই।

**(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই**

**(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:**

**ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা:** নেই

**খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক তিনটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সাতটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ১৫টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ২টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ১৩টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ২৯টি প্রস্তাব এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ১০টি প্রস্তাব গৃহীত হয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ৬টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) মার্চ ২০২৬ মাসে হজ ব্যবস্থাপনা সংক্রান্ত নির্বাহী কমিটি, হজ ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় কমিটি, বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতিতে অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় সংকট ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের জন্য মন্ত্রিসভা কমিটি, বিভিন্ন

সময়ে রাজনৈতিক কারণে দায়েককৃত হয়রানিমূলক মামলাসমূহ প্রত্যাহার কার্যক্রম গ্রহন সংক্রান্ত কেন্দ্রীয় কমিটি এবং প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় কমিটি গঠন করা হয়েছে।

(৫) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(৬) মাননীয় প্রধানমন্ত্রী Rules of Business, 1996-এর rule 3B(ii) অনুযায়ী মন্ত্রীর পদমর্যাদায় মাননীয় প্রধানমন্ত্রীর দুই জন উপদেষ্টার দায়িত্ব/দপ্তর পুনর্বণ্টন করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ৪ মার্চ ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৭) মাননীয় প্রধানমন্ত্রী Rules of Business, 1996-এর rule 3(iv) অনুযায়ী মন্ত্রী/প্রতিমন্ত্রীর মধ্যে দায়িত্ব/দপ্তর পুনর্বণ্টন করেন। এ সংক্রান্ত তিনটি প্রজ্ঞাপন ৪, ১২ এবং ২৫ মার্চ ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৮) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব হাফিজ উদ্দিন আহমেদ বীর বিক্রম এবং ভূমি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ব্যারিস্টার কায়সার কামাল-এর পদত্যাগ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক গৃহীত হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১২ মার্চ ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৯) মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অভিপ্রায় অনুযায়ী প্রতিমন্ত্রীর পদমর্যাদায় নিয়োগপ্রাপ্ত উপদেষ্টা ডাঃ জাহেদ উর রহমানের দায়িত্ব পুনর্বণ্টন করা হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১২ মার্চ ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১০) মহামান্য রাষ্ট্রপতি জনাব আহমেদ আযম খানকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রী পদে নিয়োগদান করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১২ মার্চ ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১১) ত্রয়োদশ জাতীয় সংসদে মন্ত্রণালয়/বিভাগসমূহের সংসদ বিষয়ক কার্যাবলি সম্পর্কিত দায়িত্ব বণ্টন করা হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৭ মার্চ ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১২) ৫ মার্চ ২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর বিদেশযাত্রা এবং স্বদেশে প্রত্যাবর্তনকালে অনুসরণীয় রাষ্ট্রাচার সম্পর্কিত নির্দেশাবলি জারি করা হয়েছে।

(১৩) মার্চ ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ৮টি, সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ২টি এবং পত্রিকা থেকে ১টিসহ মোট ১১টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) মার্চ ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ১৭টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১৩টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। এ বিভাগে সরাসরি দাখিলকৃত ৪টি অভিযোগ তদন্তক্রমে প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাত করা হয়েছে।

(১৫) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ফেব্রুয়ারি দ্বিতীয় এবং মার্চ প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৬) প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫ সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমের বিভাগ ভিত্তিক তথ্য/প্রমাণক (ছবি/প্রতিবেদন) প্রেরণের জন্য সকল বিভাগীয় কমিশনারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) দেশের প্রতিটি ফিলিং স্টেশনের জন্য ট্যাগ অফিসার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদ্‌যাপন উপলক্ষ্যে আলোকসজ্জা না করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া আলোকসজ্জা পরিহার ও অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণে মোবাইল কোর্টের মাধ্যমে সহায়তা প্রদানের জন্য সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২১) প্লাস্টিক দূষণ রোধে ঈদ যাত্রায় লঞ্চ/ফেরিগুলোতে পলিথিন ব্যাগসহ সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(২২) ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে প্রতি শনিবার সমন্বিত অভিযান পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৩) মধ্যপ্রাচ্য চলমান সংকটের কারণে উদ্ভূত পরিস্থিতিতে জ্বালানি তেলের বর্তমান মজুত, সরবরাহ এবং আমদানি পরিস্থিতি সংক্রান্ত পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৪) মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খাদেম ও অন্যান্য উপাসনালয়ে কর্মরত ব্যক্তিবর্গের সম্মানী ও প্রশিক্ষণভিত্তিক কল্যাণ ব্যবস্থা চালুর লক্ষ্যে উপকারভোগী নির্বাচনের নিমিত্ত গঠিত কমিটিতে উপজেলা নির্বাহী অফিসারকে আহ্বায়ক হিসেবে অন্তর্ভুক্তকরণে সম্মতি প্রদান করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৫) চলমান কৃষিসেচ মৌসুমে জ্বালানি তেলের নিরবচ্ছিন্ন সরবরাহ বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৬) মার্চ ২০২৬ মাসে কমিশনার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সমন্বয় সভায় ১৮টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

(২৭) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত ফেব্রুয়ারি ২০২৬ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে প্রতিবেদনে উপস্থাপিত মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।

(২৮) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ১৮ জন কর্মকর্তার অনুকূলে 'মোবাইল কোর্ট আইন, ২০০৯'-এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৯) নারায়ণগঞ্জ সদর উপজেলার ফতুল্লার ধর্মগঞ্জে বুড়িগঙ্গা নদীতে লঞ্চের ধাক্কায় মাটিভর্তি নোঙ্গর করা একটি বাল্কহেড ডুবে যাওয়ার দুর্ঘটনার বিষয়ে গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হয়েছে।

(৩০) Grievance Redress System (GRS)-এর মাধ্যমে ১ জানুয়ারি হতে ৩১ মার্চ ২০২৬ মেয়াদে মোট দাখিলকৃত অভিযোগের সংখ্যা ১৪,১৮৬টি এবং অভিযোগ নিষ্পত্তি হয়েছে ৮,৫০৭টি, অভিযোগ নিষ্পত্তির হার ৫৯.৯৭ শতাংশ।

(৩১) বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর নির্বাচনী ইশতেহার ২০২৬ বাস্তবায়ন বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

(৩২) ২৯ মার্চ ২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

**গ. আগামী (এপ্রিল-মে ২০২৬) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:**

(১) মন্ত্রিসভা-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/ অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি, প্রাক নিকার সচিব কমিটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

(৩) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৯তম সভা আয়োজন।

২১/৪/২৬

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব